

আন্দোলনের মুখে প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২১:১০, ২১ ডিসেম্বর ২০২৪



উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. শুভময় দত্ত।

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে পদত্যাগ করেছেন বেসরকারি প্রাইম এশিয়া ইউনিভার্সিটি
উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. শুভময় দত্ত।

UNIBOTS

শনিবার (২১ ডিসেম্বর) সন্ধ্যায় তিনি বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ব্রিগেডিয়ার জেনারেল (অব মো. আনিসুর রহমান বরাবর এ পদত্যাগপত্র জমা দেন।

পদত্যাগপত্রে উপাচার্য অধ্যাপক শুভময় দত্ত উল্লেখ করেছেন, ‘শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করলাম।’

বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের বর্তমান সেক্রেটারি (ভারপ্রাপ্ত) মোহাম্মদ আযহারু ইসলাম উপাচার্যের পদত্যাগপত্রটি গ্রহণ করেছেন। রাতে তিনি বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে নানা দুর্নীতি-অনিয়মের কারণে স্থায়ী ক্যাম্পাসে যেতে না পারাসহ বিভিন্ন দাবিতে আন্দোলনে নামেন প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শনিবার সকাল থেকে তার রাজধানীর বনানী এলাকার কামাল আতাতুর্ক সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেন। শিক্ষার্থীরা বর্তমানে প্রতিষ্ঠানটির নানা অনিয়ম রোধ এবং অযোগ্য কর্মকর্তাদের সরিয়ে দেওয়ার দাবি জানান।

নুসরাত